



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd

তারিখ: ২৯ মে ২০২৪

নোটিশ

সূত্র:

ক। বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৪/০২ তারিখ ১২ মে ২০২৪।

খ। বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৪/০১ তারিখ ১২ মে ২০২৪।

১। সূত্রস্মারক 'ক' ও 'খ' মারফত প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিম্নোক্ত পদসমূহে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	তারিখ, বার ও সময়	কেন্দ্র
ক।	সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-৯)	০৮ জুন ২০২৪, শনিবার, সকাল ০৯৩০ ঘটিকা	মেঘনা ভবন
খ।	আইটি অফিসার (গ্রেড-৯)		
গ।	এ্যাসিস্টেন্ট ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১০) (বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পের জন্য)		

২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় লেখার সামগ্রী (কালো বলপেন, পেন্সিল ইত্যাদি) ব্যতীত অন্য কোন প্রকার ব্যাগ, মোবাইল, ইলেকট্রনিক ডিভাইস ও ক্যালকুলেটর সঙ্গে না আনার জন্য অনুরোধ করা হলো।

৩। পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের ৪০ নম্বর এমসিকিউ (বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান এবং কম্পিউটার ও তথ্য প্রযুক্তি) এবং সংশ্লিষ্ট বিষয়ে ৬০ নম্বর-এর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষার সময়সীমা ১.৩০ মিনিট।

৪। পরিচয় নিশ্চিতকরণের জন্য জাতীয় পরিচয়পত্রের মূলকপি অবশ্যই সঙ্গে রাখতে হবে।

৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। প্রার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর ০১ (এক) ঘন্টা পূর্বে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হতে হবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য পরবর্তীতে জানানো হবে।

৮। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd এবং অস্থায়ী ক্যাম্পাসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

মোঃ মনির উদ্দীন মল্লিক
কমডোর বিএন
রেজিস্ট্রার

কার্যার্থে অনুলিপি:

১। পরিচালক, আইসিটি সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো)

অবগতির জন্য অনুলিপি:

১। ভাইস-চ্যান্সেলর মহোদয় - সদয় অবগতির জন্য

২। অফিস কপি